

নোবিপ্রবি ভর্তি পরীক্ষা

# ৭০ হাজার শিক্ষার্থীর বিনামূল্যে থাকা-খাওয়া যাতায়াতের ব্যবস্থা

সংবাদ : | প্রতিনিধি, নোয়াখালী

| ঢাকা , শুক্রবার, ০১ নভেম্বর ২০১৯

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ১ ও ২ নভেম্বরে ভর্তি পরীক্ষা নোয়াখালীতে আগত ৬৮ হাজার ৭৬০ জন পরিক্ষার্থী ও তাদের অভিভাবকদের বিনামূল্যে থাকা-খাওয়া ও যাতায়াত ব্যবস্থা করবেন নোয়াখালী-৪ সদর আসনের সংসদ সদস্য, নোয়াখালী সদর উপজেলা চেয়ারম্যান ও নোয়াখালী পৌর মেয়র। নোয়াখালী সদর উপজেলা পরিষদের মিলনায়তনে গত বুধবার বিকেল ৪টায় এক মতবিনিময় সভায় এ তথ্য জানান, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান এ.কে.এম শামছুউদ্দিন জেহান। এ সভায় প্রধান অতিথি ছিলেন, নোবিপ্রবির ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. দিদারুল আলম। বিশেষ অতিথি জেলা প্রশাসক তন্ময় দাস, পুলিশ সুপার আলমগীর হোসেন, বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মো. ফারুক উদ্দিন। বক্তব্য রাখেন সাংবাদিক সমিতির কেন্দ্রীয় মহাসচিব মনিরুজ্জামান চৌধুরী ও নোয়াখালী বণিক সমিতির সভাপতি সাইফ উদ্দিন সোহান।